ঝিনাইদহে গ্যাস বাবুর মোবাইল উদ্ধার কাজে ডিবি প্রধান

ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য এমপি আনোয়ারুল আজীম আনার হত্যার আসামি শিমুল ভূঁইয়ার সঙ্গে হোয়াটসঅ্যাপে যোগাযোগ করা তিনটি মোবাইল ফোন উদ্ধারে ঝিনাইদহে অভিযান চালাচ্ছে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশের তদন্তকারী একটি টিম।

আজ বুধবার (২৬ জুন) সকাল থেকে শহরের পায়রা চত্ত্বরে গাঙ্গুলী মিষ্টান্ন ভান্ডারের পেছনের একটি পুকুর ঘিরে রাখে পুলিশ। সেখানে ক্রাইম সিন এলাকা হিসেবে চিহ্নিত করে রাখা হয়েছে। একজন ম্যাজিস্ট্রেট ঘটনাস্থলে উপস্থিত রয়েছেন। ঢাকা থেকে মামলার তদন্ত কর্মকর্তা ডিবির সহকারী কমিশনার মাহফুজুর রহমানসহ ১০ ডিবি সদস্য এসেছেন।

এছাড়া ঢাকা মহানগর গোয়েন্দা প্রধান হারুন অর রশিদ হেলিকপ্টার যোগে ঝিনাইদহে এসে ঘটনাস্থল পরিদর্শন করছেন। ইতিমধ্যে কয়েকজন জেলেকে পুকুরে নামিয়ে মোবাইল উদ্ধারের চেষ্টা করা হলেও তা উদ্ধার করা সম্ভব হয়নি। এ তথ্য নিশ্চিত করেছেন ঝিনাইদহ গোয়েন্দা পুলিশের ওসি জুয়েল ইসলাম।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীন উদ্দিন জানান, সকাল ১১টা ৪৫ মিনিটের দিকে পুকুরে মোবাইল উদ্ধারের জন্য ঝিনাইদহ কারাগার থেকে ঘটনাস্থলে আনা হয় আওয়ামী লীগ নেতা কাজী কামাল আহমেদ বাবুকে। গতকাল মঙ্গলবার বিকেল ৩টা ৪৫ মিনিটের দিকে কাশিমপুর কারাগার থেকে ঝিনাইদহ কারাগারে স্থানান্তর করা হয় তাকে।

এদিকে সকাল থেকে ঝিনাইদহ শহরের গুরুত্বপূর্ণ এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। মোবাইল উদ্ধার না হলে অভিযান অব্যাহত থাকবে কি না বা পরবর্তীতে অন্য কোন পদক্ষেপ নেওয়া হবে কিনা মিডিয়ার সামনে তা জানান হয়নি। তবে মোবাইল উদ্ধারের কাজে ফায়ার সার্ভিস ও ডুবুরি দল প্রস্তুত রাখা হয়েছে বলে জানা গেছে।

এর আগে মঙ্গলবার (২৫ জুন) দুপুরে ঢাকার মিন্টো রোডে ডিবি কার্যালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে অতিরিক্ত পুলিশ কমিশনার (গোয়েন্দা) হারুন অর রশিদ বলেছিলেন, এই মোবাইলগুলো দিয়েই আনার হত্যার মূল ঘাতক আমানুল্লাহ ওরফে শিমুল ভূঁইয়া গ্যাস বাবুর সঙ্গে

অসংখ্যবার কথা বলেছেন। এছাড়া, অসংখ্য মেসেজ তারা আদান-প্রদান করেছেন। মোবাইলগুলোতে ডিজিটাল তথ্য-উপাত্ত আছে বলে মনে করছি। না হলে গ্যাস বাবু মোবাইলগুলো পানিতে ফেলে দেবেন কেন? মোবাইলগুলো পেলে মামলার তদন্তে অনেক সহায়তা হবে। সেজন্য মোবাইল উদ্ধার করা অনেক জরুরি।

প্রসঙ্গত গত ১২ মে চিকিৎসার জন্য ঝিনাইদহের কালীগঞ্জ থেকে ভারতে যান এমপি আনার। ওঠেন পশ্চিমবঙ্গে বরাহনগর থানার মণ্ডলপাড়া লেনে গোপাল বিশ্বাস নামে এক বন্ধুর বাড়িতে। পরের দিন চিকিৎসক দেখানোর কথা বলে বাড়ি থেকে বের হন। এরপর থেকে নিখোঁজ হন আনোয়ারুল আজীম। এর পাঁচ দিন পর গত ১৮ মে বরাহনগর থানায় আনোয়ারুল আজীম নিখোঁজের বিষয়ে একটি জিডি করেন বন্ধু গোপাল বিশ্বাস। গত ২২ মে হঠাৎ খবর ছড়ায়, কলকাতার পার্শ্ববর্তী নিউটাউন এলাকায় সঞ্জীভা গার্ডেনস নামে একটি আবাসিক ভবনের বিইউ ৫৬ নম্বর রুমে আনোয়ারুল আজীম খুন হয়েছেন। তবে এখন পর্যন্ত তার মরদেহ সনাক্ত করা যায়নি

ঝিনাইদহ জেলা আ. লীগের সাধারণ সম্পাদক মিন্টুর মুক্তির দাবীতে মানববন্ধন

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুর মুক্তির দাবীতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকালে সদর উপজেলার মধুপুর চৌরাস্তা বাজারে এ কর্মসূচীর আয়োজন করা হয়। কালীচরনপুর ইউনিয়ন সর্বস্তরের জনগনের আয়োজনে এ কর্মসূচী পালিত হয়। ঘন্টাব্যাপী চলা এই মানববন্ধনে রাজনৈতিক ব্যক্তিত্বসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।

সেসময় বক্তব্য রাখেন, কালীচরনপুর ইউনিয়নের চেয়ারম্যান জাহাঙ্গীর আলম, সদর থানা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি ওহিদুজ্জামান উজ্জল, পৌর শ্রমিক লীগের সভাপতি আরিফুল ইসলাম শিমুল, সাধারণ সম্পাদক

ছোটন হাসান, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক প্রচার ও প্রকাশনা সম্পাদক খানজাহান রহমান, সদর থানা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক সোহেল রানা সিটিসহ অন্যান্যরা। সেসময় বক্তারা বলেন, সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার হত্যার ঘটনায় সাইদুল করিম মিন্টুকে গ্রেফতার করেছে ডিবি পুলিশ। মিন্টুকে ফাঁসানো হচ্ছে অভিযোগ করে বক্তারা অবিলম্বে তার নি:শর্ত মুক্তির দাবী জানান।

আলমডাঙ্গায় ৪০ পাউন্ডের কেক কেটে বর্ণাঢ্য পরিবেশে প্রতিষ্ঠাবার্ষিকী পালন

আলমডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে আওয়ামী লীগের ৭৫ তম ড্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। আলমডাঙ্গা উপজেলা ও পৌর আওয়ামী লীগের উদ্যোগে আজ রোববার সকালে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন,বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে মাল্যদান,জন্ম বার্ষিকীর কেক কাটা বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসব কর্মসুচীতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন। প্রধান অতিথির বক্তব্যে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন,আজকের এইদিনে আওয়ামীলীগ প্রতিষ্ঠিত হয়েছিল। আওয়ামী লীগ একটি ঐতিহ্যবাহী দল।

আওয়ামীলীগ হলো জনগণের দল,আওয়ামীলীগ জনগণের মুখপাত্র। আওয়ামীলীগ এক সময় এতোবড় সংগঠন ছিলনা। আজকে আওয়ামীলীগ এশিয়ার একটি বৃহত্তম দল হিসেবে রুপান্তরিত হয়েছে। সময়ের প্রয়োজনে এই দল সৃষ্টি হয়েছিল। এদেশে যা কিছু অর্জন, এ সংগঠনের মাধ্যমেই হয়েছে। স্বাধীনতা যুদ্ধ থেকে ভাষা আন্দোলন সবই এই সংগঠনের নেতৃত্বে হয়েছে। বিনা রক্তে বাঙালি জাতির কোন অর্জন আসেনি। আজকে বাংলাদেশ আওয়ামীলীগের কান্ডারি বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিসার নেতৃত্বে দেশ উন্নয়নের পথে এগিয়ে চলেছে।

উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবু মুছার সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অথিথি ছিলোন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক,সাবেক মেয়র রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন,সাবেক সাংগঠনিক সম্ডাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস,সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান, পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন,উপজেলা পরিষদের চেয়ারম্যান কে,এম মঞ্জিলুর রহমান। উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলীর পরিচালনায় আরও উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাবেক সহসভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা,সাবেক পৌর সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, সাবেক উপপ্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, পৌর আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু,কালিদাসপুর ইউনিয়ন সভাপতি জয়নাল আবেদীন, খাদিমপুর ইউপি চেয়ারম্যান মোজাহেদুর রহমান জোয়ার্দ্দার লোটাস,হারদী ইউপি চেয়ারম্যান আশিকুজ্জামান ওল্টু, বেলগাছি ইউনিয়ন সাধারণ সম্পাদক মাহমুদুল হাসান চনচল চেয়ারম্যান,কুমারী সভাপতি আবু সাঈদ পিন্টু চেয়ারম্যান,ডাউকি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও আওয়ামী লীগের সাধারণ সম্পাদক তরিকুল ইসলাম, নাগদাহ ইউপি চেয়ারম্যান এজাজ ইমতিয়াজ বিপুল,জামজামি ইউনিয়ন সভাপতি দিদার আলী,খাসকররা ইউনিয়ন সভাপতি মোস্তাফিজুর রহমান রুন্নু,আলমডাঙ্গা সরকারী কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি আশরাফুল হক, পাপন রহমান, ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল হোসাইন বাদসা,রবি,সাকিব প্রমুখ।

দর্শনা পৌর আওয়ামী লীগের উদ্যোগে ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর আ.লীগের প্রতিষ্ঠাবার্ষিকী ‘প্লাটিনাম জয়ন্তী’বলেন, আওয়ামী লীগ প্রতিষ্ঠা হওয়ার পর আমাদের সবচেয়ে বড় সফলতা হলো বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে দেশ স্বাধীনতা লাভ করে। স্বাধীনতা হলো আওয়ামী লীগের সবচেয়ে বড় প্রাপ্তি। আওয়ামী লীগ নেতৃত্বাধীন সরকারের হাত

ধরে উন্নয়ন অর্জনে বাংলাদেশ আজ অনন্য উচ্চতায় নিয়ে গিয়েছে। তিনি আরও বলেন, আওয়ামী লীগ সরকার ভিশন-২০৪১ উন্নত সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণের দিকে এগিয়ে যাচ্ছে। বাংলাদেশের সকল অর্জনের মূলে রয়েছে আওয়ামী লীগের অবদান।

চুয়াডাঙ্গার দর্শনায় নানা কর্মসূচির মধ্য দিয়ে আওয়ামীলীগের প্লাটিনাম জয়ন্তী উদযাপন করা হয়েছে।

আজ রোববার ২৩জুন আওয়ামী লীগের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকীতে দর্শনা পৌর আওয়ামী লীগের আয়োজনে দর্শনা বঙ্গবন্ধু চত্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর । কর্মসূচির মধ্যে ছিল- জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, গাছের চারা রোপণ, আনন্দ শোভাযাত্রা, আলোচনা সভা, দোয়া ও মিলাদ মাহফিল ইত্যাদি। দর্শনা পৌর বঙ্গবন্ধু চত্বরে সকালে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের পর বেলুন উড়িয়ে কর্মসূচির উদ্বোধন করেন।

চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগরের নেতৃত্বে এক বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা বের হয়ে শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে দর্শনা অডিটোরিয়ামের হলরুমে দর্শনা পৌর আ,লীগের সভাপতি বীরমুক্তিযোদ্ধা রুস্তম আলীর সভাপতিত্বে, দর্শনা পৌর আ,লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফের প্রাণবন্ধ সঞ্চলনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন , দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আ,লীগের সাধারণ সম্পাদক মোঃ আলী মুনছুর বাবু, সাবেক কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্টু, চেয়ারম্যান হযরত আলী, আব্দুল করিম বিশ্বাস, শফিকুল ইসলাম, কামাল উদ্দীন, উপজেলার বিভিন্ন ইউনিয়নের সভাপতি ও সাধারণ সম্পাদক সরোয়ার হোসেন, নজির আহম্মদ, শাফিক , রেজাউল করিম, আবু সাইদ খোকন । দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফুল ইসলাম, সাধারণ সম্পাদক সাজু আহম্মদ রিংকু প্রমূখ।

চুয়াডাঙ্গায় যুবলীগের উদ্যোগে আওয়ামী লীগের ৭৫ তম প্রতিষ্ঠা বার্ষিক পালিত

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী যুবলীগের উদ্যোগে বাংলাদেশ আওয়ামী লীগের ৭৫ তম প্রতিষ্ঠা বার্ষিক উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার বিকাল পাঁচটায় চুয়াডাঙ্গা জেলা আওয়ামী যুবলীগের কার্যালয়ে চুয়াডাঙ্গা সদর উপজেলার নবনির্বাচিত চেয়ারম্যান এবং চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রিড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দারের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য জুবায়ের আহমেদ সাব্বির।

এ সময় প্রধান অতিথির বক্তব্য তিনি বলেন, বাংলাদেশ আওয়ামী লীগ একটি ঐতিহ্যবাহী সংগঠন। সেই শুরু থেকে এই সংগঠন কাজ করে যাচ্ছে দেশের মানুষের জীবনমান উন্নয়নে। আজ বাংলাদেশের সার্বিক উন্নয়নে এই আওয়ামী লীগের মাধ্যমে সাধারণ মানুষের জীবনমান উন্নয়ন ঘটেছে বাস্তবায়ন হয়েছে দেশের বড় বড় মেগা প্রজেক্ট। কিন্তু এই উন্নয়ন জামাত বিএনপি চায় না তারা চায় আবারো ক্ষমতায় যেয়ে বিশ্বের মধ্যে দূর্নীতিতে চ্যাম্পিয়ন হওয়া।

সভাপতির বক্তব্য চুয়াডাঙ্গা সদর উপজেলার নবনির্বাচিত চেয়ারম্যান এবং চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রিড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দার বলেন, বাংলাদেশ আওয়ামী লীগের ৭৫তম জন্মবার্ষিকী আজ। এই দিনে প্রতিষ্ঠা হয়েছিল বাংলাদেশের সাধারণ মানুষের জন্য আর্তমানবতায় নিয়োজিত ও সেবাধর্মী রাজনৈতিক সংগঠন বাংলাদেশ আওয়ামী লীগ।প্রতিবছরের মতো এবারও চুয়াডাঙ্গা জেলা আওয়ামী যুবলীগের বিস্তারিত কর্মসূচির মধ্য দিয়ে প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হচ্ছে। জনগণই আওয়ামী লীগের মূল শক্তি। প্রতিষ্ঠার পর থেকে এ ভূখণ্ডে প্রতিটি প্রাপ্তি ও অর্জন সবই আওয়ামী লীগের নেতৃত্বেই হয়েছে।

এ সময় তিনি আরও বলেন, মাতৃভাষা বাংলার মর্যাদা রক্ষা থেকে শুরু করে আজ পর্যন্ত বাঙালির অর্জন এবং বাংলাদেশের সব উন্নয়নের মূলেই রয়েছে আওয়ামী লীগ। জননেত্রী শেখ হাসিনার হাত ধরে দলের

নেতাকর্মীদের মেধা, পরিশ্রম, ত্যাগ ও দক্ষতায় আওয়ামী লীগ আরও গতিশীল হবে এবং বাংলাদেশ এগিয়ে যাবে। বাঙালি জাতির প্রতিটি মহুৎ, শুভ ও কল্যাণকর অর্জনে আওয়ামী লীগের ভূমিকা রয়েছ।বাংলাদেশ আওয়ামী লীগের শুরুটা এতো সহজ ছিলো প্রচন্ড পরিমাণ চক্রান্ত করা হয়েছিল এই দলটি ভেঙ্গে দিতে আবার জনগণের ভোটে নির্বাচিত হয়েও ক্ষমতা হস্তান্তর করা হয়নি এই দলটিকে।

আলোচনা সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের সদস্য আজাদুল ইসলাম আজাদ, অনুষ্ঠান উপস্থিত থেকে স্বাগত বক্তব্য প্রদান করেন বঙ্গবন্ধু ছাত্র পরিষদের সাবেক সভাপতি ও চুয়াডাঙ্গা জেলা যুবলীগ নেতা খালিদ মন্ডল।

চুয়াডাঙ্গা জেলা যুবলীগের সদস্য হাফিজুর রহমান হাপুর সঞ্চালনায় আলোচন সভায় প্রধান বক্তা হিসেবে বক্তব্য প্রদান করেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক সামসুদ্দোহা হাসু, আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের সদস্য সাজেদুল ইসলাম লাভলু,আজাদ আলী,হাফিজুর রহমান হাপু,আবু বক্কর সিদ্দিক আরিফ,আলমগীর আজম খোকা। এ সময় আরও উপস্থিত ছিলেন যুবলীগ নেতা শাহী,দরুদ,পিরু,নিপুন,খালিদ, সৈকত,সাবান মেম্বার, রানা হামিদ, আসাদ,নোমান,দিপু,বকুল সহ চুয়াডাঙ্গা জেলা যুবলীগের নেতৃবৃন্দ।

মেহেরপুরে আ.লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা

বাংলাদেশ আওয়ামী লীগের ৭৫ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভার আয়োজন করেছে মেহেরপুর জেলা আওয়ামী লীগ।

আজ রবিবার বিকেলে জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ভার্চুয়ালি আলোচনা সভার সভাপতিত্ব করেন জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন।

এসময় বক্তব্য রাখেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ডা: নাজমুল হক সাগর, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সাধারণ সম্পাদক এডভোকেট ইব্রাহিম শাহিন, আইন বিষয়ক সম্পাদক অ্যাড পল্লব ভট্টাচার্য, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আনারুল ইসলাম, মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু,শহর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বারাদি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিন প্রমুখ।

এছাড়াও এসময় ইউপি চেয়ারম্যান শাহজাহান, সেলিম রেজা, মতিউর রহমান মতিন, কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বাবুল আক্তার, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন, জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক রুতশোভা মন্ডল, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে আওয়ামী লীগের ৭৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

আওয়ামী লীগের ৭৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষে মেহেরপুর জেলা আওয়ামী লীগের উদ্যোগে জাতীয় পতাকা ও দলীয় পতাকা উত্তোলন এবং পুষ্পমাল্য অর্পণ করা হয়েছে।

রোববার (২৩ জুন) সকালে জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের বাসভবন প্রাঙ্গণে বাংলাদেশ আওয়ামী লীগের ৭৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষে জাতীয় পতাকা ও দলীয় পতাকা উত্তোলন এবং পুষ্পমাল্য অর্পণ করা হয়।

জনপ্রশাসন মন্ত্রী ও জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন জাতীয় সংগীতের সুরে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিনব্যাপী অনুষ্ঠানের সূচনা করেন। এ সময় সেখানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ

মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্প মাল্য অর্পন করা হয়।

জনপ্রশাসন মন্ত্রী ও জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন জেলা আওয়ামী লীগের পক্ষে পুষ্পমালা অর্পণ করেন। পরে সেখানে শহর আওয়ামী লীগ এবং কলেজ ছাত্রলীগের পক্ষে পৃথক পৃথকভাবে পুষ্প মাল্য অর্পণ করা হয়।

এ সময় অন্যান্যের মধ্যে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহিন, আইন বিষয়ক সম্পাদক পিপি পল্লব ভট্টাচার্য, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আনারুল ইসলাম, মুজিবনগর উপজেলা চেয়ারম্যান আমাম হোসেন মিলু, বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহ জামান, শহর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল প্রমূখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরের গহরপুরে ইউনিয়ন যুব মহিলা লীগের কর্মী সমাবেশ অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়ন যুব মহিলা লীগের আয়োজনে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকাল পাঁচটায় গহরপুর গ্রামে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

সরকারের সাফল্য ও প্রধানমন্ত্রী দেশরত্ন জননেত্রী শেখ হাসিনার উন্নয়নের বার্তা পৌঁছে দিতে পিরোজপুর ইউনিয়ন যুব মহিলা লীগের সভাপতি হেলেনা খাতুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, বাংলাদেশ যুব মহিলা কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সহ-সভাপতি সৈয়দা মোনালিসা ইসলাম, মুজিবনগর উপজেলা পরিষদ চেয়ারম্যান আমাম হোসেন মিলু, মেহেরপুর সদর উপজেলার

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বারাদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিন, মেহেরপুর সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান আনারুল ইসলাম।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম মাস্টার। অনুষ্ঠান সঞ্চালনা করেন পিরোজপুর ইউনিয়ন যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক সবিতা খাতুন। অনুষ্ঠানে বক্তারা সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ডের বিভিন্ন দিক তুলে ধরেন।

জনপ্রশাসন মন্ত্রী তার বক্তব্যের শুরুতে বলেন, আপনারা দীর্ঘ সময় ধরে এখানে অপেক্ষা করছেন এজন্য আপনাদের ধন্যবাদ জানায়। আপনারা দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে পিরোজপুর ইউনিয়ন থেকে আমাকে বিপুল ভোটে জয়যুক্ত করেছেন এতে পিরোজপুর ইউনিয়ন যুব মহিলা লীগ অনেক পরিশ্রম করেছে এজন্য আপনাদের ধন্যবাদ ও কৃতজ্ঞা জানায়। এই নির্বাচনে মেহেরপুরবাসি শান্তি এবং উন্নয়নের জন্য আমাকে ভোট দিয়েছেন।

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মিন্টুর মুক্তির দাবীতে মানববন্ধন

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুর মুক্তির দাবীতে সম্মিলিত সাংস্কৃতিক জোটের আয়োজনে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২০ জুন) সকালে শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করা হয়। সম্মিলিত সাংস্কৃতিক জোটের আয়োজনে এ কর্মসূচীতে ঝংকার নাট্য গোষ্ঠী, গণশিল্পী, কেসি কলেজ থিয়েটার, অরণী সাংস্কৃতিক সংসদ, নবগঙ্গা সাংস্কৃতিক জোট, বিহঙ্গ সাংস্কৃতিক চর্চা কেন্দ্র, অংকুর নাট্য একাডেমী, অনিকেত যাত্রাপালা শিল্পী গোষ্ঠী, বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান যুব সংঘ,

বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট, লালন গবেষণা কেন্দ্র, জাগরণ সাংস্কৃতিক গোষ্ঠী, স্বরলিপি সাংস্কৃতিক গোষ্ঠী, পিয়াল বন্ধন শিল্পী গোষ্ঠী, জেলা নাট্য সমন্বয় পরিষদ, সুরের ভুবন, মানবাধিকার নাট্য পরিষদসহ জেলার ২২ টি স্ং◌াস্কৃতিক সংগঠন অংশ নেয়। ঘন্টাব্যাপী চলা এই মানববন্ধনে সাংস্কৃতিক কর্মী, রাজনৈতিক ব্যক্তিত্বসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।

সেসময় বক্তব্য রাখেন, সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি শান্ত জোয়ার্দ্দার, সাধারণ সম্পাদক বাবুল আক্তার লাল্টু, গণশিল্পী সংস্থার আব্দুস সালাম, অংকুর নাট্য একাডেমীর সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াস, বিহঙ্গ সাংস্কৃতিক চর্চা কেন্দ্রের সাধারণ সম্পাদক শাহীনুর আলম লিটনসহ অন্যান্যরা। কর্মসূচীতে ঝিনাইদহ চেম্বার অব কমার্স, জেলা দোকান মালিক সমিতি একাত্বতা ঘোষণা করে বক্তব্য দেন।

সেসময় বক্তারা বলেন, সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার হত্যার ঘটনায় সাইদুল করিম মিন্টুকে গ্রেফতার করেছে ডিবি পুলিশ। মিন্টুকে ফাঁসানো হচ্ছে অভিযোগ করে বক্তারা তার নি:শর্ত মুক্তির দাবী জানান।

ঝিনাইদহে সংসদ সদস্য আনার হত্যার প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহ-০৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার হত্যার প্রতিবাদে এবং জড়িতদের শাস্তির দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (১২ জুন) দুপুরে সদর উপজেলার ফুরসন্দি ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে টিকারী বাজারে এ মানববন্ধন কর্মসূচি পলিত হয়। ঘন্টাব্যাপী মানববন্ধনে ইউনিয়ন আওয়ামী লীগের নেতৃবৃন্দসহ বিভিন্ন শ্রেণীপেশার মানুষ অংশ নেয়।

সেসময় ফুরসন্দী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শহীদুল ইসলাম শিকদার, কালীগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান শিবলী নোমানী, পৌরসভার

মেয়র আশরাফুল আলমসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা বলেন, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিমকে গ্রেপ্তার করায় হত্যার প্রকৃত কারণ উৎঘাটিত হতে যাচ্ছে বলে মনে করি। তারা আরও বলেন, জেলা আওয়ামী লীগের অভিভাবকের কাছে যদি কর্মীরা নিরাপদ না হয় তাহলে তাকে দল থেকে অব্যহতি দেওয়া হোক। সংসদ সদস্য হত্যার নেপথ্যে যারা সরাসরি জড়িত তারা যেইহোক তাদের দ্রুত আইনের আওতায় এনে বিচারের দাবি জানান বক্তারা। এছাড়াও কালীগঞ্জ শহরে এমপি আনার হত্যার প্রতিবাদের বিভিন্ন স্কুল কলেজের শিক্ষক-শিক্ষার্থীরা মানববন্ধন কর্মসূচী পালন করেণ এবং নিঃসংশ হত্যার সাথে জড়িতদের দ্রুত বিচারের আওতায় আনার দাবি জানান।